



দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং- দুদক/প্রতিরোধ/সততা স্টোর/৪৩/১৬/২৬৪১৬(২০২)

তারিখ: ২২/৫/২০১৭ খ্রি.

বিষয়: “সততা স্টোর” গঠনের লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদান।

দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ১৭ (ট) ধারা অনুযায়ী দুর্নীতি প্রতিরোধে তরুণ প্রজন্মের মাঝে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে দেশব্যাপী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের নিয়ে ইতোমধ্যে “সততা সংঘ” গঠিত হয়েছে। ছাত্র-ছাত্রীদের মাঝে নৈতিকতা ও সততা চর্চার লক্ষ্যে নিয়মিত সততা শিক্ষা ও এর প্রয়োগ আবশ্যিক মর্মে কমিশনের নিকট প্রতীয়মান হয়েছে। এক্ষেত্রে মহানগর/জেলা/উপজেলার স্কুলে ছাত্র-ছাত্রীদের মধ্যে নৈতিক শিক্ষা চর্চার লক্ষ্যে পরীক্ষামূলক বিক্রেতাবিহীন “সততা স্টোর” চালু করা হলে শিক্ষার্থীদের মাঝে নৈতিকতা চর্চার ক্ষেত্র সৃষ্টি হতে পারে। এ লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ে দেশের প্রতিটি উপজেলার ১টি বালিকা বিদ্যালয় এবং ১টি বালক বিদ্যালয়ে “সততা স্টোর” স্থাপন, চালু ও ব্যবস্থাপনার বিষয়ে দুর্নীতি দমন কমিশন একটি নীতিমালা প্রণয়ন করেছে (কপি সংযুক্ত)। উক্ত নীতিমালা অনুসরণে আপনার সহযোগিতায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ এর উদ্যোগে ইতোমধ্যে কতিপয় শিক্ষা প্রতিষ্ঠানে “সততা স্টোর” গঠন করা হয়েছে।

০২। এমতাবস্থায়, নীতিমালা অনুযায়ী আপনার আওতাধীন যে সকল উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে “সততা স্টোর” গঠন করা হয়নি সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে “সততা স্টোর” গঠনের পরামর্শ প্রদানসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের লক্ষ্যে আপনাকে অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য, দুদকের উপপরিচালক এ বিষয়ে আপনার সাথে যোগাযোগ রক্ষা করবেন।

০৩। দুর্নীতি দমন কমিশন এ উদ্যোগে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করে।

সংযুক্ত: বর্ণনামতে- ০২ (দুই) পাতা।

জেলা প্রশাসক

.....।

(আবু মোঃ মোস্তফা কামাল)

সচিব

ফোন: ৯৩৬০১১০

অনুলিপি:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
২. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৩. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল।
৪. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয় (সকল).....।
৬. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৭. কমিশনার অনুসন্ধান/তদন্ত -এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৮. সচিব- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।